# প্রবাসী কল্যাণ ব্যাংক

(রাষ্ট্রীয় মালিকানাধীন ব্যাংক)
প্রধান কার্যালয়
প্রবাসী কল্যাণ ভবন
ইস্কাটন, ঢাকা-১০০০।

স্মারক নং-৪৯.০৩.৯৯৯.০২.০৩.২০১৫-০৯৭ তারিখ : ০৮/১১/২০১৫

# নিয়োগ বিজ্ঞপ্তি

প্রবাসী কল্যাণ ব্যাংকের নিম্নবর্ণিত শূন্যপদে নিয়োগের নিমিত্তে বাংলাদেশী যোগ্য নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। উক্ত পদসমূহের জন্য আবশ্যকীয় শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য প্রয়োজনীয় তথ্য নিম্নে প্রদত্ত হল :

| ক্রম | পদের নাম | জাতীয় বেতন স্কেল, ২০০৯ | পদ সংখ্যা | বয়স | নিয়োগের জন্য প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|---|
| ০১ | জুনিয়র এক্সিকিউটিভ অফিসার | ৳ ৬,৪০০-১৪,২৫৫/- | ** ৯০ | * ৩০ বৎসর | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী এবং কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে ৬ (ছয়) মাসের কম্পিউটার প্রশিক্ষণ সনদসহ স্ট্যান্ডার্ড এপ্টিচ্যুড টেস্টে উত্তীর্ণ হতে হবে। |
| ০২ | ড্রাইভার | ৳ ৪,৭০০-৯,৭৪৫/- | ** ০২ | * ৩০ বৎসর | অন্যূন অষ্টম শ্রেণী উত্তীর্ণ এবং বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ হালকা ও ভারী যানবাহন চালনায় বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে। |
| ০৩ | অফিস সহায়ক (এমএলএসএস) | ৳ ৪,১০০-৭,৭৪০/- | ** ৪০ | * ৩০ বৎসর | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণের সার্টিফিকেটসহ উত্তম স্বাস্থ্যের অধিকারী হতে হবে। |
| | | | মোট=১৩২ | | |

* মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে বয়স অনূর্ধ্ব ৩২ বছর (বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য হবে না)।
** ব্যাংক কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

**০২। আবেদনপত্র পূরণের নিয়মাবলী :**

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক http://pkb.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ :
i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় : **০৮/১১/২০১৫, সকাল-১০ :০০ ঘটিকা** (বাংলাদেশ সময়)।
ii. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদানের শেষ তারিখ ও সময় : **৩০/১১/২০১৫, সন্ধ্যা-০৬ :০০ ঘটিকা** (বাংলাদেশ সময়)।
(উক্ত সময়সীমার মধ্যে ইচ্ছুক প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর শেষ সময়ের মধ্যে **এসএমএস (SMS)** এ পরীক্ষার ফি জমা দিতে হবে)।

খ. Online Application Form যথাযথভাবে পূরণের পর প্রার্থীর ছবি, স্বাক্ষর এবং বায়োডাটা সম্বলিত কপিটি (Applicant's copy) সংরক্ষণ করতে হবে (হার্ড কপি), যা পরবর্তীতে যোগ্য প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় ব্যাংকে দরখাস্ত ও দলিলাদি দাখিলের সময় সংযুক্ত করতে হবে। Online আবেদনপত্রে প্রার্থী তাঁর স্বাক্ষর (৩০০x৮০ pixel) সর্বোচ্চ 60 KB ও রঙিন ছবি (৩০০ x ৩০০ pixel) সর্বোচ্চ 100 KB, JPG format এর স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

গ. SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান : Online-এ আবেদনপত্র (Application Form)-যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ application preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র submit করা সম্পন্ন হলে প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি applicant's copy পাবেন। উক্ত applicant's copy প্রার্থী প্রিন্ট অথবা download করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি user ID দেয়া থাকবে এবং user ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই)টি SMS করে পরীক্ষার ফি বাবদ জুনিয়র এক্সিকিউটিভ অফিসার পদের ক্ষেত্রে **৩০০.০০ (তিনশত টাকা)** এবং অন্যান্য পদের জন্য **২০০.০০ (দুইশত টাকা)** অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, online এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না। প্রথম **SMS:**PKB<space>USER ID send to 16222 নম্বরে পাঠাতে হবে। (Example:PKB BALWMG send 16222)
উক্ত **SMS** প্রাপ্তির পর Teletalk BD. Ltd. হতে প্রার্থীকে স্বাগত জানিয়ে একটি PIN নম্বর এবং পরীক্ষার ফি জমাদানের নির্দেশ দেয়া হবে। নির্দেশমতে প্রার্থী ২য় SMS এর মাধ্যমে নিম্নোক্ত পদ্ধতিতে পরীক্ষার নির্ধারিত ফি জমা দিবেন :
দ্বিতীয় SMS:PKB<space>YES<space>PIN send to 16222 নম্বরে পাঠাতে হবে। (Example: PKB YES 12145214 send to 16222)
উক্ত SMS প্রাপ্তির পর Teletalk BD. Ltd. হতে SMS এর মাধ্যমে প্রার্থীকে পরীক্ষার ফি জমাদান নিষ্পন্ন হয়েছে সে সম্পর্কে অবহিতপূর্বক USER ID ও PASSWORD প্রদান করা হবে। পরবর্তীতে উক্ত USER ID ও PASSWORD ব্যবহার করে প্রার্থী প্রবেশপত্র ওয়েবসাইট থেকে ডাউনলোড/প্রিন্ট করতে পারবেন। প্রবেশপত্র ডাউনলোড/ প্রিন্ট করার নির্ধারিত সময়সীমা SMS/Online Notice-এর মাধ্যমে প্রার্থীকে জানিয়ে দেয়া হবে।

ঘ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://pkb.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল নম্বর **SMS**-এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে।

**০৩। মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত প্রার্থীদের নিম্নের নির্দেশনা অনুযায়ী পূরণপূর্বক দরখাস্ত সহকারে উপস্থিত থাকতে হবে।**
(ক) পূর্ণ নাম (বাংলা ও ইংরেজিতে), (খ) ১। পিতার নাম, ২। মাতার নাম, ৩। বিবাহিত প্রার্থীর ক্ষেত্রে স্বামী/স্ত্রীর নাম, (গ) বর্তমান ঠিকানা [পত্র যোগাযোগের ঠিকানা], (ঘ) স্থায়ী ঠিকানা [বিবাহিত মহিলার ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানা], (ঙ) প্রার্থিত পদের নাম, (চ) জন্ম তারিখ (ছ) **৩০.০৯.২০১৫** তারিখে বয়স, (জ) জাতীয় পরিচয়পত্র, (ঝ) শিক্ষাগত যোগ্যতার বিবরণ [পরীক্ষার নাম, প্রাপ্ত বিভাগ/শ্রেণি/গ্রেড, পাসের সন, বোর্ড/বিশ্ববিদ্যালয় উল্লেখপূর্বক], (ঞ) অভিজ্ঞতা [যদি থাকে], (ট) প্রযোজ্য ক্ষেত্রে বিশেষ কোটার (মুক্তিযোদ্ধা, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা/মহিলা/উপজাতি/প্রতিবন্ধী) নাম, (ঠ) মোবাইল নং এবং (ড) আবেদনপত্রে অবশ্যই প্রার্থীর স্বাক্ষর থাকতে হবে।

**০৪। দরখাস্তের সাথে নিম্নলিখিত কাগজপত্র/ডকুমেন্ট দাখিল করতে হবে**
ক) Online Application Form পূরণের পর প্রার্থীর ছবি, স্বাক্ষর এবং বায়োডাটা সংবলিত প্রাপ্ত হার্ড কপিটি (Applicant's copy);
খ) লিখিত পরীক্ষার প্রবেশপত্রের ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে);
গ) সম্প্রতি তোলা আবেদনকারীর পাসপোর্ট সাইজের ৪ (চার) কপি সত্যায়িত ছবি;
ঘ) শিক্ষাগত যোগ্যতার সমর্থনে বোর্ড/বিশ্ববিদ্যালয় হতে ইস্যুকৃত মূল/সাময়িক সনদপত্রের সত্যায়িত ফটোকপি;
ঙ) বিদেশ থেকে অর্জিত ডিগ্রির ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ হতে সমমানের সনদ;
চ) স্থায়ী ঠিকানার সমর্থনে নাগরিকত্ব সনদ (ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যান/মেয়র কিংবা সিটি কর্পোরেশনের ক্ষেত্রে ওয়ার্ড কাউন্সিলর অথবা ১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট);
ছ) অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি (যদি থাকে);
জ) আবেদনকারীর বর্তমান ঠিকানা উল্লেখপূর্বক ৫.০০ (পাঁচ) টাকা মূল্যমানের ডাকটিকিট সম্বলিত ৯″ ৪″ আকারের একটি খাম;
ঝ) বিশেষ কোটার প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত প্রমাণপত্র;
ঞ) চাকরিরত প্রার্থীগণকে তাদের স্ব স্ব নিয়োগকারী কর্তৃপক্ষ হতে **৩০/১১/২০১৫** তারিখের মধ্যে ইস্যুকৃত অনাপত্তি পত্র (NOC);
ট) মৌখিক পরীক্ষার প্রবেশপত্র।

**০৫। অন্যান্য শর্তাবলী :**
ক) ৩০.০৯.২০১৫ তারিখে প্রার্থীর বয়স উল্লিখিত বয়সসীমার মধ্যে হতে হবে;
খ) সকল প্রার্থীর সর্বনিম্ন বয়স ১৮ বৎসর হতে হবে;
গ) অসম্পূর্ণ/ভুল তথ্য সম্বলিত দরখাস্ত কোন প্রকার যোগাযোগ ব্যতিরেকেই বাতিল করা হবে;
ঘ) নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সরকারি নীতিমালা অনুসরণ করা হবে;
ঙ) প্রার্থীদের লিখিত বা মৌখিক অথবা উভয় পরীক্ষাই গ্রহণ করা হবে এবং এ জন্য টিএ/ডিএ প্রদান করা হবে না;
চ) মুক্তিযোদ্ধা সন্তান/সন্তানের সন্তান কোটায় আবেদনকারীকে মুক্তিযোদ্ধার সহিত সম্পর্কিত বিষয়ে মেয়র/ওয়ার্ড কাউন্সিলর/ইউপি চেয়ারম্যানের সনদ সংযুক্ত করতে হবে;
ছ) অফিস সহায়ক প্রার্থীদের জন্য **কুমিল্লা, বরিশাল, ফরিদপুর, টাঙ্গাইল, চাঁদপুর, নেত্রকোনা, নাটোর ও জয়পুরহাট** জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই;
জ) ব্যাংক কর্তৃপক্ষ প্রার্থীদের কাউকে নিয়োগ প্রদান করা বা না করার ক্ষেত্রে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের অধিকার সংরক্ষণ করে;
ঝ) চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীগণ কর্তৃপক্ষ কর্তৃক পদায়নকৃত যে কোন শাখা/বিভাগে বা স্থানে কাজ করতে বাধ্য থাকবেন;
ঞ) নির্বাচিত প্রার্থীদের প্যানেল সংরক্ষণ করা হবে;
ট) কোন প্রকার তদবির নিয়োগের অযোগ্যতা বলে বিবেচিত হবে।

০৬। নিয়োগ বিজ্ঞপ্তি ও ফরম পূরণের নির্দেশাবলী প্রবাসী কল্যাণ ব্যাংক এর ওয়েবসাইট www.pkb.gov.bd ও টেলিটকের ওয়েবসাইট http://pkb.teletalk.com.bd এ পাওয়া যাবে।

স্বাক্ষরিত/-
**মোঃ মহব্বত উল্লাহ**
মহাব্যবস্থাপক

ডিজি-৮৮৪/১৫(১০″X৪)